Mail Copy

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.cga.gov.bd

নং- ০৭.০৩.০০০০.০০৯.৫১.১৩৪.২১ - ২১২ তারিখ: ২০-০২-২০২৩খ্রিঃ।

প্রাপকঃ

চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়
মৎস্য ও প্রানিসম্পদ মন্ত্রণালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

বিষয়: **মৎস্য অধিদপ্তরাধীন ২য় শ্রেণীর পদমর্যাদার (১০ম গ্রেড) উন্নীত ২০৬ জন পদধারীদের বেতন স্কেল উন্নীত হওয়ার পূর্বে প্রাপ্ত ০২টি টাইমস্কেল ও ২য় শ্রেণীর পদে ০৪ বছর পূর্তিতে প্রাপ্ত সিলেকশন গ্রেড/০৮ বছর পূর্তিতে প্রাপ্য ১ম টাইমস্কেল গণনা করে ৭ম গ্রেডে বেতন নির্ধারণের বিষয়ে প্রসঙ্গে।**

সূত্র:- ১। অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণায়ের স্মারক নং- ০৭.০০.০০০০.১৬৩.৩৩.০২০.১২.০৭, তারিখঃ ১৮/০১/২০২৩খ্রিঃ।
২। সিজিএ কার্যালয়ের স্মারক নং- ০৭.০৩.০০০০.০০৯.৩৩.৪৯৫.২১-১৬৫, তারিখঃ ০৮/১২/২০২২খ্রিঃ।
৩। সহকারী মৎস্য কর্মকর্তা জনাব মোঃ তোফায়েল আলম লস্কর এর ব্যক্তিগত আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২।। মৎস্য অধিদপ্তরাধীন ২য় শ্রেণীর পদমর্যাদায় (১০ম গ্রেড) উন্নীত ৪২৫ জন কর্মকর্তার মধ্যে ২০৬ জন পদধারীদের বেতন স্কেল উন্নীত হওয়ার পূর্বে প্রাপ্ত ০২টি টাইমস্কেল ও ২য় শ্রেণীর পদে ০৪ বছর পূর্তিতে প্রাপ্ত সিলেকশন গ্রেড/০৮ বছর পূর্তিতে প্রাপ্য ১ম টাইমস্কেল গণনা করে ৭ম গ্রেডে বেতন নির্ধারণের বিষয়ে সূত্রস্থ ২ নং পত্রের মাধ্যমে সিদ্ধান্তের জন্য পত্র প্রেরণ করা হলে সূত্রস্থ ১ নং পত্রের মাধ্যমে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের সিদ্ধান্ত পাওয়া গিয়েছে।

এমতাবস্থায়, মৎস্য অধিদপ্তরাধীন ২য় শ্রেণীর পদমর্যাদায় (১০ম গ্রেড) উন্নীত ৪২৫ জন কর্মকর্তার মধ্যে ২০৬ জন কর্মকর্তার উন্নীত স্কেল পরবর্তী বেতন নির্ধারণের বিষয়ে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ১৮/০১/২০২৩খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০.১৬৩.৩৩.০২০.১২-০৭ নং স্মারকের নির্দেশনা অনুসরণ করার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ০১ (এক) পাতা।

(মোঃ জাকির হোসেন)
উপ হিসাব মহানিয়ন্ত্রক (পদ্ধতি)
ফোনঃ ৮৩৯২৬১৩।

নং- ০৭.০৩.০০০০.০০৯.৫১.১৩৪.২১ - তারিখ: -০২-২০২৩খ্রিঃ।

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস-ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/।
২। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
৩। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
৪। পিএটু-সিজিএ/অতিঃসিজিএ (প্রশাসন), অতিঃসিজিএ (হিসাব ও পদ্ধতি)।
৫। অফিস কপি/গার্ড ফাইল।

(মোঃ জাকির হোসেন)
উপ হিসাব মহানিয়ন্ত্রক (পদ্ধতি)
ফোনঃ ৮৩৯২৬১৩।

E:\Drive E\ridoy shikder\Office Order-Copy-2.docx264

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন-৩ অধিশাখা

নং- ০৭.০০.০০০০.১৬৩.৩৩.০২০.১২.০৭

তারিখ: ০৪ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ
১৮ জানুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়: মৎস্য অধিদপ্তরাধীন ২য় শ্রেণীর পদমর্যাদার (১০ম গ্রেড) উন্নীত ২০৬ জন পদধারীদের বেতনস্কেল উন্নীত হওয়ার পূর্বে প্রাপ্ত ০২ টি টাইমস্কেল ও ২য় শ্রেণীর পদে ০৪ বছর পূর্তিতে প্রাপ্ত সিলেকশন গ্রেড/০৮ বছর পূর্তিতে প্রাপ্য ১ম টাইমস্কেল গণনা করে ৭ম গ্রেডে বেতন নির্ধারণের বিষয়ে মতামত প্রদান প্রসঙ্গে।**

সূত্র: হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয় এর স্মারক নং- ০৭.০৩.০০০০.০০৯.৩৩.৪৯৫.২১.১৬৫, তারিখ: ০৮ ডিসেম্বর ২০২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মৎস্য অধিদপ্তরাধীন সহকারী মৎস্য কর্মকর্তা ও সামুদ্রিক মৎস্য শাখার পরিদর্শক পদসমূহ তৃতীয় শ্রেণি থেকে দ্বিতীয় শ্রেণিতে (১০ম গ্রেড) উন্নীত হওয়ার তারিখ (০৭.০৮.২০০৭ খ্রি) থেকে জাতীয় বেতনস্কেল ২০১৫ কার্যকরের আগের দিন (১৪.১২.২০১৫) পর্যন্ত মোট চাকরির মেয়াদ ৮ বৎসর ৪ মাস ৮ দিন। অর্থ বিভাগের ২৪ আগস্ট ২০২২ তারিখের ৮৯নং স্মারকের সিদ্ধান্ত অনুযায়ী সংশ্লিষ্ট যে সকল দ্বিতীয় শ্রেণির কর্মকর্তার বেতনস্কেল উন্নীতকরণের তারিখে (০৭.০৮.২০০৭) ৮ম গ্রেডে বেতন নির্ধারণের সুবিধা পেয়েছেন তাদের, জাতীয় বেতনস্কেল, ২০০৯ এর অনুচ্ছেদ ৭ (৯) এবং ৭(২) এর বিধান অনুযায়ী দ্বিতীয় শ্রেণির পদে ০৪ (চার) বৎসর চাকরি পূর্তিতে ৯ম গ্রেডে সিলেকশন গ্রেড এবং ৮ বৎসর চাকরি পূর্তিতে ৮ম গ্রেডে ১ম টাইমস্কেল হিসেবে সমন্বয় হবে। দ্বিতীয় শ্রেণির পদে উন্নীত হওয়ার তারিখ ০৭.০৮.২০০৭ থেকে ১৪.১২.২০১৫ তারিখ পর্যন্ত চাকরি ১২ বৎসর পূর্তি না হওয়ায় এবং চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ ২০১৫ এর অনুচ্ছেদ-৬ এর বিধান অনুযায়ী ১৫.১২.২০১৫ তারিখ থেকে সিলেকশন গ্রেড, টাইমস্কেল/উচ্চতর গ্রেড প্রদানের প্রথা বিলোপ হওয়ায় তাদের অনুকুলে ২য় টাইমস্কেল হিসেবে ৭ম গ্রেড প্রদানের বিধিগত কোন সুযোগ নাই। অতএব, বিবেচ্য কর্মকর্তাদের বেতন নির্ধারণের বিষয়ে অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের গত ২৪ আগস্ট ২০২২ তারিখের ০৭.০০.০০০০. ১৬৩.৩৩.০২০.১২.৮৯ নং স্মারকে প্রদত্ত সিদ্ধান্ত সুস্পষ্ট ও স্বব্যাখ্যাত এবং এতে কোন অস্পষ্টতা নাই।

18.01.2023

(এস এম আবদুল্লাহ আল মামুন)
উপসচিব
ফোন: ০২-২২৩৩৮৫৭৩৩

হিসাব মহানিয়ন্ত্রক (সিজিএ)
হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

সদয় অবগতির জন্য অনুলিপি:
(১) সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(২) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

(৫) সহকারী মৎস্য কর্মকর্তা ও পরিদর্শক-1